# আখিরাত যেমন হবে

এই বইটি আমার। আমার নাম :

---------------------------------------------

লিটল উম্মাহ

স্বপ্ন নতুন দিনের

আমাদের পৃথিবীটা খুব সুন্দর! বেঁচে থাকতে যা যা লাগে, সবই আছে এখানে। তাই তো আমরা সুখে-শান্তিতে বাস করতে পারি। ইচ্ছেমতো ঘুরি। খাই-দাই। দিনে কাজ করি। রাত হলে ঘুমাই। এভাবেই কেটে যায় দিন।



তবে একদিন মরতে হবে আমাদের। ছাড়তে হবে এ পৃথিবী। চলে যেতে হবে কবরে। শুরু হবে আরেকটি জীবন। আখিরাতের জীবন। আখিরাতের জীবন শুরু হয় কবর থেকে।



যারা মুমিন। মানে যারা বিশ্বাসী। কবরে
তারা থাকবে আরামে।



যারা কাফির। মানে অবিশ্বাসী। তারা থাকবে কষ্টে।
কবরে তাদের কিছুতেই সময় কাটবে না।

